

288-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর তৃতীয় কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ নুরুন্নবী
মহাপরিচালক (অতিরিক্ত সচিব) খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো।
তারিখ : ২২ ফেব্রুয়ারি ২০২১
সময় : দুপুর ৩.০০ টা
স্থান : খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভা কক্ষ
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার শুরুতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ দপ্তর কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ বাস্তবায়নের বিভিন্ন দিক পর্যালোচনা করেন। তৃতীয় কোয়ার্টারের উল্লেখযোগ্য লক্ষ্যমাত্রা ছিল সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণে সভা আহ্বান, কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরী সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন, স্ব স্ব ওয়েব সাইটে তথ্য হালনাগাদকরণ, স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন, হালনাগাদকরণ ও বাস্তবায়ন, অফিস পরিদর্শন, সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ, শ্রেণিবিন্যাসকৃত নথি বিনষ্টকরণ ইত্যাদি। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ দপ্তর কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ বাস্তবায়নের অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন করার নির্দেশনা প্রদান করা হয়।	মার্চ/২০২১ মাসের তৃতীয় সপ্তাহে অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২.২	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর ২.৩ ক্রমিকের আওতায় কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরী সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা ছিল বলে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন। এর অংশ হিসেবে ইতোমধ্যে জানুয়ারি, ২০২১ মাসে ০৪ টি; ফেব্রুয়ারি ২০২১, মাসে ০৩ টি প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন হয়েছে। মার্চ, ২০২১ মাসে ০৪ টি	নির্ধারিত তারিখে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে প্রশিক্ষণ সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা



২৩/২/২০২১.

	প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে যা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা হবে।		
২.৩	সভাপতি স্ব স্ব ওয়েব সাইটে এবং তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ রাখার উপর গুরুত্বারোপ করেন। তিনি বিএমডির ওয়েবসাইট হালনাগাদকরণ সম্পর্কে জানতে চাইলে আইসিটি কর্মকর্তা জনাব আজিজুল হক সহকারী পরিচালক (ভূ-রসায়ন) সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর তৃতীয় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩১.০৩.২০২১ তারিখের মধ্যে ওয়েবসাইটে সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ, শুদ্ধাচার সেবা বক্স হালনাগাদকরণ, তথ্য অধিকার সেবা বক্স হালনাগাদকরণ, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদকরণ করতে হবে। সভাপতি ওয়েবসাইটের সকল সেবা বক্স যথাসময়ে হালনাগাদকরণের নির্দেশনা প্রদান করেন।	স্ব স্ব ওয়েব সাইটে এবং তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (ভূ-রসায়ন) /আইসিটি কর্মকর্তা
২.৪	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর ৮.২ ক্রমিকের আওতায় শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শনের লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি ২৪ ফেব্রুয়ারি/২০২১ তারিখ অফিস পরিদর্শন করবেন বলে অভিমত ব্যক্ত করেন।	২৪ ফেব্রুয়ারি/২০২১ তারিখ বিএমডির অফিস পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।	
২.৫	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর ৮.৪ ক্রমিকের আওতায় সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণিবিন্যাসকরণের লক্ষ্যমাত্রা রয়েছে। সহকারী পরিচালক (ভূতত্ত্ব) সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে বিএমডির প্রায় সকল নথি সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী শ্রেণিবিন্যাসকরণ করা হয়েছে। সভাপতি যে সকল নথির কাভার পেজ, মলিন, নষ্ট হয়ে গেছে তা পরিবর্তন এবং যে সকল নতুন নথি খোলা লাগে তা নির্দেশমালা অনুসরণপূর্বক খোলার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি একটি কমিটি গঠনের মাধ্যমে নথির তালিকা হালনাগাদকরণের নির্দেশ প্রদান করেন।	কমিটি গঠনের মাধ্যমে নথির তালিকা হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কমিটি

২৬/২/২০২১.

২.৬	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর ৮.৫ ক্রমিকের আওতায় শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণের লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি যে সকল নথির কার্যক্রম শেষ হয়ে গিয়েছে সে সকল নথি বিনষ্টকরণের মত প্রদান করেন।	নথি বিনষ্টকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	নৈতিকতা কমিটি
-----	--	--------------------------------------	---------------

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



 (মোঃ নুরুন্নবী)
 মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
 ও
 আহ্বায়ক, নৈতিকতা কমিটি

২৮.০৭.০০০০.০০৪.৩৬.০০১.১৩(অংশ-২) . ২৭৩

তারিখ : ১০ ফাল্গুন ১৪২৭
২৩ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপি: অবগতি/অবগতি ও কার্যার্থে

- ১। উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩। উপপরিচালক (সকল),..... বিএমডি, ঢাকা;
- ৪। সহকারী পরিচালক (সকল)..... বিএমডি, ঢাকা;
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমডি, ঢাকা;
- ৬। অফিস কপি।


 ২৩.০২.২০২১
 মোসাঃ মাহবুবু খাতুন
 সহকারী পরিচালক (ভূতত্ত্ব)